

নম্বর ১২.২৪.০০০০.৪০২.৫৮.০৬৭.১৯.৮১

তারিখ ৬ জ্যৈষ্ঠ ১৪২৬  
২০ মে ২০১৯

বিজ্ঞপ্তি/নোটিশ

বিষয়: বিনাধান-১৯ এর লিফলেট ছাপার জন্য অনুমোদিত অর্থ খরচের জন্য গঠিত কমিটিকে অবহিতকরণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে অবগতির জন্য জানানো যাচ্ছে যে, কৃষক পর্যায়ে বিতরণ ও সম্প্রসারণের জন্য বিনা কর্তৃক উদ্ভাবিত আউশ ধানের জনপ্রিয় জাত ‘বিনাধান-১৯’ এর বৈশিষ্ট্য ও চাষাবাদ কৌশল সম্পর্কিত লিফলেট ১০০ গ্রাম গ্লসি আর্ট পেপার, ৪ রঙা মুদ্রণ, ডিজাইন, আউটপুট, কাটিং ইত্যাদি খরচসহ প্রতিটি লিফলেট টা. ২.২০ হারে ১০,০০০ কপির জন্য ১০,০০০ x ২.২০ ক্রয়ের নিমিত্ত টা. ২২,০০০/- (বাইশ হাজার) মাত্র মহাপরিচালক মহোদয় কর্তৃক অনুমোদিত হয়েছে। উক্ত অর্থ খরচের নিমিত্ত যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য ড. মো. আবুল কালাম আজাদ, মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা, উদ্ভিদ প্রজনন বিভাগকে সভাপতি, ড. মো. হারুন অর রশিদ, উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা, বায়োটেকনোলজি বিভাগ সদস্য ও ড. মাহবুবা কানিজ হাসনা, উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা, উদ্ভিদ রোগতত্ত্ব বিভাগকে সদস্য-সচিব করে একটি কমিটি গঠন করা হয়েছে। কমিটিকে যথাশীঘ্র লিফলেট মুদ্রণের ব্যাপারে ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

২০-৫-২০১৯

ড. মোঃ আবুল কালাম আজাদ  
মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) পরিচালক, পরিচালক (প্রশাসন)-এর দপ্তর, বাংলাদেশ পরমাণু কৃষি গবেষণা ইনস্টিটিউট
- ২) মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা, উদ্ভিদ প্রজনন বিভাগ, বাংলাদেশ পরমাণু কৃষি গবেষণা ইনস্টিটিউট
- ৩) প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা (ইলেকট্রনিক্স), ইলেকট্রনিক্স শাখা, বাংলাদেশ পরমাণু কৃষি গবেষণা ইনস্টিটিউট
- ৪) উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা, উদ্ভিদ রোগতত্ত্ব বিভাগ, বাংলাদেশ পরমাণু কৃষি গবেষণা ইনস্টিটিউট
- ৫) উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা, বায়োটেকনোলজি বিভাগ, বাংলাদেশ পরমাণু কৃষি গবেষণা ইনস্টিটিউট
- ৬) উপপরিচালক, অর্থ ও হিসাব শাখা, বাংলাদেশ পরমাণু কৃষি গবেষণা ইনস্টিটিউট
- ৭) ব্যক্তিগত কর্মকর্তা, মহাপরিচালক-এর দপ্তর, বাংলাদেশ পরমাণু কৃষি গবেষণা ইনস্টিটিউট
- ৮) ব্যক্তিগত সহকারী, পরিচালক (গবেষণা)-এর দপ্তর, বাংলাদেশ পরমাণু কৃষি গবেষণা ইনস্টিটিউট
- ৯) মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা, উদ্ভিদ প্রজনন বিভাগ, বাংলাদেশ পরমাণু কৃষি গবেষণা ইনস্টিটিউট